

## ডেমক্রেসিওয়াচের মানবাধিকার বিষয়ক মাসিক প্রতিবেদন জুলাই মাসে সারা দেশে খুন ৮৯, ধর্ষণ ১৯ ও আত্মহত্যা ১৪

বেসরকারী মানবাধিকার সংস্থা ডেমক্রেসিওয়াচের মানবাধিকার সেল ১-৩১ জুলাই পর্যন্ত দেশের জাতীয় সংবাদপত্রে প্রকাশিত দেশের আইন-শৃংখলা ও মানবাধিকার সংক্রান্ত রিপোর্টসমূহ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে আসছে। ৫টি জাতীয় দৈনিক প্রথম আলো, সমকাল, কালের কণ্ঠ, ডেইলি স্টার ও নিউ এইজ এই পর্যবেক্ষণের আওতায় রয়েছে। যে সব বিষয় বা ঘটনা পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয় তাহলো : খুন, সামাজিক সংঘর্ষ, ধর্ষণ, এসিড নিক্ষেপ, আত্মহত্যা, অপহরণ, ইভটিজিং, গ্রেফতার ফাঁসি ও জরিমানা এবং সাংবাদিক নির্যাতন ইত্যাদি। এই রিপোর্টে জুলাই ২০১০ এ সারাদেশে সংঘটিত প্রকাশিত আইন-শৃংখলা ও মানবাধিকার লংঘনের ঘটনাবলীর একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়েছে।

### প্রাপ্ত তথ্য:

**খুন:** জুলাই মাসে সারা দেশে সন্ত্রাসী হামলা, ডাকাতি, জমি নিয়ে বিরোধ, সম্পত্তি নিয়ে মারামারি ও দলাদলি, যৌতুক, ধর্ষণ, এসিড নিক্ষেপে খুন হয় ৮৯ জন। এর মধ্যে পুরুষ ৪৯, মহিলা ৩৩ ও শিশু রয়েছে ৭ জন।

**ধর্ষণ:** জুলাই মাসে সারা দেশে ১৯টি ঘটনায় ১৮ জন নারী ধর্ষনের শিকার হয়। এর মধ্যে ২ জন নারী খুন ও ১ জন নারী আত্মহত্যা করেন, তারা হলেন সিরাজগঞ্জের খুশি খাতুন, পিরোজপুরের অজ্ঞাত পরিচয় তরুণী ও লিপি আক্তার। ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, নারায়নগঞ্জ, নবাবগঞ্জ, রামগঞ্জ, সাতক্ষীরা, কুমিল্লা, পিরোজপুর ও চট্টগ্রামে এসব ঘটনা ঘটে। এ ছাড়া আড়াইহাজারে ৬০ বছরের বৃদ্ধ ধর্ষণ করেছে ৮ বছরের এক শিশুকে।

**এসিড নিক্ষেপ:** জুলাই মাসে এসিড নিক্ষেপের ঘটনা ঘটে ৬টি। এসিড নিক্ষেপের ঘটনায় ৫ জন নারী ও ২ জন পুরুষ আহত হন। নেশার ঢাকা, পারিবারিক বিরোধ, জমি নিয়ে বিরোধ এসব কারণে এসিড নিক্ষেপের ঘটনা ঘটেছে বলে জানা যায়।

**আত্মহত্যা :** জুলাই মাসে সারা দেশে বিভিন্ন কারণে আত্মহত্যার ঘটনা ঘটে ১৪ টি। এর মধ্যে রয়েছেন ১০ জন নারী ও ৪ জন পুরুষ। ঢাকা, ময়মনসিংহ, পিরোজপুর, লালমনিরহাট, নারায়নগঞ্জ, লক্ষীপুর ও মানিকগঞ্জে এই ঘটনা ঘটে। যৌতুক ও পারিবারিক দ্বন্দ্বের কারণে এই আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়।

**যৌতুক :** জুলাই মাসে সারা দেশে যৌতুক নির্যাতনের ঘটনা ঘটে ১৬টি। এ সব ঘটনায় নিহত হন ১৪ জন নারী। যৌতুকের নির্মম নির্যাতনে যারা নিহত হন তারা হলেন ঢাকার সুমী আক্তার, নিলুফার, সোনিয়া আক্তার, পাখি আক্তার, কেন্দুয়ার বুমা দেবনাথ, সোনারগাঁওর বিলকিস আক্তার, কেরাণীগঞ্জের রিনা আক্তার, ব্রাহ্মনবাড়িয়ার শিরিনা আক্তার, মানিকগঞ্জের শিল্পী আক্তার, গোপালগঞ্জের সাবিত্রি বিশ্বাস, নারায়নগঞ্জের শাহিনুর, ভোলার নাজমা ও অংকুরা বেগম এবং মুন্সিগঞ্জের কোহিনুর।

সাংবাদিক নির্যাতন: সাভারে দৈনিক জনকণ্ঠের সাংবাদিক সৌমিত্র মানবকে হত্যার হুমকি দিয়েছে ধামরাইয়ের বানুদসু আব্দুল মতিন। অবৈধ বালু উত্তোলন নিয়ে প্রতিবেদন লেখায় এ হুমকি দেয়া হয়। এ সময় অন্য সাংবাদিকরা এগিয়ে এলে সন্ত্রাসীরা তাদের উপরও চড়াও হয়।

তালেয়া রেহমান  
নির্বাহী পরিচালক